দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি)
দ্বিতীয় সচিব (কাস্টমস এ্যাডভান্স রুলিং)
দ্বিতীয় সচিব (কাস্টমস গোয়েন্দা)
দ্বিতীয় সচিব (কাস্টমস নিরীক্ষা)
দ্বিতীয় সচিব (কাস্টমস মামলা)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সদস্য (কাস্টমস নীতি)

এবং

সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৮ - জুন ৩০, ২০১৯

# সূচিপত্র

কাস্টমস বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
প্রস্তাবনা:

সেকশন ১: কাস্টমস বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission) কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

সেকশন ২: কাস্টমস বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms)

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা

# কাস্টমস বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## (Overview of the Performance of the Customs Wing)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহে (তিনবছর) প্রধান অর্জনসমূহঃ**

কাস্টমস বিভাগের প্রধান কার্যাবলীর মধ্যে রয়েছে- আমদানি পর্যায়ে কাস্টমস ডিউটি আরোপ, আহরণ এবং এতদসংক্রান্ত আইন, বিধিবিধান প্রণয়ন ও হালনাগাদকরণ। ২০১৪-১৫ ও ২০১৫-১৬ অর্থবছরের লক্ষ্যমাত্রা যথাক্রমে ৩৭,৫০০.০০ ও ৪২,৫০০.০০ কোটি টাকা; যার বিপরীতে আদায়কৃত রাজস্বের পরিমাণ যথাক্রমে ৩৮,৮৩৩.৩৭ ও ৪৪,০০০.০০ কোটি টাকা। ২০১৪-১৫ এবং ২০১৫-১৬ অর্থবছরে লক্ষ্যমাত্রার চেয়ে যথাক্রমে ১,৩৩৩.৩৭ কোটি টাকা এবং ১,৫০০.০০ কোটি টাকা বেশি রাজস্ব আদায় হয়েছিল। ২০১৬-২০১৭ অর্থবছরের লক্ষ্যমাত্রা ৫৫,০০০ কোটি টাকা; যার বিপরীতে আদায়কৃত রাজস্বের পরিমাণ ৫৪,৩৩০.৪৮ কোটি টাকা। ২০১৭-২০১৮ অর্থবছরের লক্ষ্যমাত্রা ৬৪,০০০ কোটি টাকা; যার বিপরীতে আদায়কৃত রাজস্বের পরিমাণ ৫১,১৮১.৪৩ (এপ্রিল-১৮ পর্যন্ত) কোটি টাকা। ২০১২ সাল হতে চট্টগ্রাম কাস্টম হাউস, বেনাপোল কাস্টম হাউস, মংলা কাস্টম হাউস, কাস্টম হাউস (আইসিডি) কমলাপুরে এবং ২০১৪-১৫ অর্থবছরে ঢাকা ও পানগাঁও কাষ্টম হাউসে স্বয়ংক্রিয়ভাবে কাস্টমস বিভাগের কার্যক্রম প্রক্রিয়াকরণের জন্য ASYCUDA World সফট্ওয়্যার চালু হয়েছে। ফেব্রুয়ারি ২০১৫ তারিখ হতে ASYCUDA World এর সাথে বাংলাদেশ ব্যাংকের এলসি মডিউলের সংযোগ স্থাপিত হয়েছে যা এলসি জালিয়াতি রোধ এবং আমদানিয় পণ্যের যথাযথ মূল্যায়নে সহায়ক। ফেব্রুয়ারি ২০১৬ তে United Nation Conference on Trade & Development (UNCTAD) এর সাথে জাতীয় রাজস্ব বোর্ডের ASYCUDA System Maintenance Agreement (ASMA) চুক্তি স্বাক্ষরিত হয়েছে। ASYCUDA World এবং Automation সংশ্লিষ্ট বিভিন্ন কার্যক্রমের ক্ষেত্রে গতিশীলতা আনয়নের জন্য ২৮টি Standard Operating Procedure (SOP) মডিউল প্রণয়ন করা হয়েছে। আমদানি-রপ্তানি বাণিজ্যের সাথে সংশ্লিষ্ট সকল সরকারি, আধাসরকারি এবং বেসরকারি সংস্থাকে একটি Virtual Electronic Platform এ আনয়নের লক্ষ্যে World Bank Group (WBG) এর সহায়তায় National Single Window (NSW) বাস্তবায়নের কার্যক্রম হাতে নেয়া হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ**

সঠিক কাস্টমস ডিউটি নির্ধারণ, উচ্চ লক্ষ্যমাত্রার রাজস্ব আহরণ, ফাঁকি রোধ, বকেয়া আদায়, রীট মামলা ব্যবস্থাপনা, কাস্টমস ব্যবস্থাপনা আধুনিকায়নের জন্য গৃহীত কার্যক্রমের ধীরগতি, জনবলের স্বল্পতা, প্রশিক্ষিত জনবলের অপ্রতুলতা, ভৌত অবকাঠামো ও যানবাহন স্বল্পতা, সংশ্লিষ্ট সকল স্টেকহোল্ডারদের Server এর সঙ্গে তথ্য আদান প্রদানের লক্ষ্যে Interfacing এর অভাব।

**ভবিষ্যৎ পরিকল্পনাঃ**

ভবিষ্যতে জাতীয় রাজস্ব আদায় বৃদ্ধির জন্য তথ্য প্রযুক্তি (আইসিটি) অবকাঠামো বিনির্মাণ ও অটোমেশন কার্যক্রমসমূহ জোরদারকরণ, কর ফাঁকি রোধ এবং রাজস্ব শিক্ষা সংক্রান্ত বিজ্ঞাপন প্রচার, আইন ও কাস্টমস ডিউটি প্রদান পদ্ধতি সহজীকরণ; প্রয়োজনীয় উদ্যোগের মাধ্যমে উচ্চ আদালতের বিচারাধীন মামলাসমূহ নিষ্পত্তি ও মামলা সংশ্লিষ্ট রাজস্ব আদায়; কর্মকর্তা/কর্মচারিদের প্রশিক্ষণের মাধ্যমে কর্মক্ষমতা বৃদ্ধি এবং বিকল্প বিরোধ নিষ্পত্তির (ADR) মাধ্যমে রাজস্ব আদায় জোরদার করার পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে; এছাড়া কাস্টমস আধুনিকায়ন সংশ্লিষ্ট বিভিন্ন কার্যক্রম যেমন, National Single Window (NSW), Advance Passenger Information, Risk Management, Post Clearance Audit (PCA) ইত্যাদি কাজে গতিশীলতা আনয়ন।

**২০১৮-১৯ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ**

- ২০১৮-১৯ অর্থবছরে ধার্যকৃত ৮৪,০০০ কোটি টাকা রাজস্ব আহরণ;
- বিকল্প বিরোধ নিষ্পত্তি (ADR) ব্যবস্থার অধিকতর কার্যকরকরণ;
- কাস্টমস প্রশাসনের আধুনিকায়ন ও করদাতা বান্ধবকরণ;
    - ই-পেমেন্ট পদ্ধতি ব্যবহারে করদাতাদের উদ্বুদ্ধকরণ;
    - কাস্টমস স্টেশনসমূহে ASYCUDA ওয়ার্ল্ড এর সকল মডিউল চালুকরণ;
    - National Single Window (NSW) বাস্তবায়ন কার্যক্রম শুরু;
    - Authorized Economic Operator (AEO) পদ্ধতি চালুকরণ।

# প্রস্তাবনা (Preamble)

জাতীয় রাজস্ব বোর্ডের কাস্টমস বিভাগের সদস্য (কাস্টমস নীতি)

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ এর মধ্যে ২০১৮ সালের জুন মাসের ৩০ (ত্রিশ) তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন :

সেকশন ১:

## কাস্টমস বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্যে (Mission) কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলিঃ

১.১ **রূপকল্প (Vision)**: সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনা মেয়াদে কর-জিডিপির অনুপাত ১৪.১০ এ উন্নীতকরণ।

১.২ **অভিলক্ষ্য(Mission)**: আন্তর্জাতিকভাবে স্বীকৃত ন্যায়ভিত্তিক ও যুগোপযোগী কাস্টমস নীতি অনুসরণপূর্বক একটি জনবান্ধব কাস্টমস প্রশাসন গড়ে তোলা এবং এর মাধ্যমে পর্যাপ্ত অভ্যন্তরীণ সম্পদ আহরণ।

১.৩ **কৌশলগত উদ্দেশ্যসমূহঃ** রাজস্ব আহরণ জোরদারকরণ, কাস্টমস প্রশাসনের আধুনিকায়ন এবং করদাতা বান্ধবকরণ ।

১.৪ **কার্যাবলীঃ**

- কাস্টমস ডিউটি ও অন্যান্য ডিউটি আরোপ, আহরণ এবং এতদসংক্রান্ত আইন, বিধি-বিধান প্রণয়ন-হালনাগাদকরণ;
- আমদানি ও রপ্তানি কাস্টমস আহরণে নিয়োজিত দপ্তরসমূহের কার্যক্রম পরিবীক্ষণ ও নিয়ন্ত্রণ;
- বাজেটের রাজস্ব আহরণ সংক্রান্ত লক্ষ্যমাত্রা প্রণয়ন;
- আন্তর্জাতিক সংস্থা ও দেশসমূহের সাথে কাস্টমস সংক্রান্ত চুক্তি ও সাধারণ সহযোগিতা চুক্তি সম্পাদন;
- কাস্টমস ব্যবস্থাপনা সহজীকরণ ও আধুনিকায়নের মাধ্যমে স্বেচ্ছা প্রতিপালন বৃদ্ধি করে রাজস্ব আহরণ বৃদ্ধি;
- ব্যবসাবান্ধব পরিবেশ সৃষ্টি;
- সমন্বিত সীমান্ত ব্যবস্থাপনা কার্যকর করা।

# সেকশন-২

## মন্ত্রণালয়/ বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/ প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | ভিত্তি বছর ২০১৬-২০১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-২০১৮ | লক্ষমাত্রা ২০১৮-২০১৯ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৯-২০২০ | ২০২০-২০২১ | | |
| রাজস্ব আহরণ বৃদ্ধি | কর জিডিপির অনুপাত বৃদ্ধি | শতকরা হার | ১১.৫০ | ১২.৩০ | ১৩.১০ | ১৪.১০ | ১৫.১০ | অ্যাটর্নি জেনারেলের দপ্তর, বাংলাদেশ ব্যাংক, হিসাব মহা নিয়ন্ত্রকের দপ্তর | জাতীয় রাজস্ব বোর্ড |

# সেকশন-৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা/ নির্ণায়ক ২০১৮-২০১৯ | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০২০ | প্রক্ষেপণ ২০২০-২০২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয় /বিভাগের কৌশলগত উদ্দেশ্যেসমূহ | | | | | | | | | | | | | | |
| ১. রাজস্ব আহরণ জোরদারকরণ | ৫৭ | [১.১] রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জন। | আদায়কৃত কাস্টমস ডিউটি | কোটি টাকা | ৩৯.০০ | ৫৪,৩৩০.৪৮ | ৬৪০০০ | ৮৪০০০ | ৭৯০০০ | ৭৪০০০ | ৬৪০০০ | ৬০০০০ | ৯০০০০ | ৯৮০০০ |
| | | [১.২] প্রদর্শিত রাজস্ব আদায়ের সাথে ট্রেজারী হিসাবের সমন্বয় সাধন | [১.২.১] অর্ধ - বার্ষিক সমন্বয় সাধন | তারিখ | ১.০০ | ২০-০১-২০১৭ | ২০-০১-২০১৮ | ২০-০১-২০১৯ | ৩১-০১-২০১৯ | ০৭-০২-২০১৯ | ১৫-০২-২০১৯ | ২১-০২-২০১৯ | ২০-০১-২০২০ | ২০-০১-২০২১ |
| | | | [১.২.২] বার্ষিক সমন্বয় সাধন | তারিখ | ১.০০ | ২০-৭-২০১৭ | ২০-০৭-২০১৯ | ২০-০৭-২০১৯ | ৩০-০৭-২০১৯ | ১৫-০৮-২০১৯ | ২১-০৮-২০১৯ | ৩১-০৮-২০১৯ | ২০-০৭-২০২০ | ২০-৭-২০২১ |
| | | [১.৩] মাঠ অফিসসমূহ পরিদর্শন | দাখিলকৃত প্রতিবেদন: কাস্টমস | সংখ্যা | ৩.০০ | ৫৬৬ | ৫৯০ | ১৫০ | ১৪৫ | ১৪০ | ১৩৫ | ১৩০ | ১৬০ | ১৬৫ |
| | | [১.৪] অভিযোগ ও গোয়েন্দা তথ্যের ভিত্তিতে অনুসন্ধান কার্যক্রম | দায়েরকৃত মামলা: কাস্টমস | সংখ্যা | ৪.০০ | ৪০৭৩ | ২১৬৬ | ৪১৫০ | ৩৭৩৫ | ৩৩২০ | ২১৬৬ | ২০০০ | ৪২০০ | ৪৩০০ |
| | | [১.৫] মামলা থেকে রাজস্ব আদায়ঃ মোট | আদায়কৃত কাস্টমস ডিউটি | কোটি টাকা | ৪.০০ | ৬৫৬ | ৬৮০ | ৭০০ | ৬৯৫ | ৬৯০ | ৬৮০ | ৬৭০ | ৭২০ | ৭৫০ |
| | | [১.৬] বিচারাধীন মামলাসমূহ দ্রুত নিস্পত্তিকরণ। | মামলা নিস্পত্তি: কাস্টমস | শতকরা হার | ৩.০০ | ১০.০০ | ১১.০০ | ১১.৫০ | ১১.৩০ | ১১.২০ | ১১.০০ | ১০.৫০ | ১২ | ১৩ |
| | | [১.৭] করদাতাগণকে বিকল্প বিরোধ নিস্পত্তি পদ্ধতি গ্রহণে উদ্বুদ্ধকরণ। | বিরোধ নিস্পত্তি: কাস্টমস | সংখ্যা | ২.০০ | ২৭ | ০০ | ৩৩ | ৩০ | ২৬ | ১০ | ৫ | ৩৪ | ৩৫ |
| | | [১.৮] অবিতর্কিত বকেয়া কর আদায় ত্বরান্বিতকরণ। | আদায়কৃত বকেয়া: কাস্টমস ডিউটি | শতকরা হার | ২.০০ | ২১ | ০০ | ৩১ | ২৭.৯ | ২৪.৮ | ২১.৭ | ১৮.৬ | ৩২ | ৩৩ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা/ নির্ণায়ক ২০১৮-২০১৯ | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০২০ | প্রক্ষেপণ ২০২০-২০২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয় /বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| | | [১.৯] পোস্ট ক্লিয়ারেন্স অডিট (কাস্টমস) | অডিটকৃত মামলার সংখ্যা | সংখ্যা | ৫.০০ | ১৮৮৬ | ৩৮৯৮ | ১৯৫০ | ১৯২০ | ১৯০০ | ১৮৯০ | ১৬০০ | ১৯৮০ | ২০০০ |
| ২. কাস্টমস প্রশাসনের আধুনিকায়ন ও করদাতা বান্ধবকরণ | ১২ | [২.১] প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় বিজ্ঞাপন/অনুষ্ঠান প্রচার। | বিজ্ঞাপন/অনুষ্ঠান প্রচার: কাস্টমস | সংখ্যা | ২.০০ | ৫৬ | ৬০ | ৬২ | ৬১ | ৬১ | ৬০ | ৪০ | ৬৫ | ৬৮ |
| | | [২.২] করদাতাগণকে প্রচলিত আইনে তাদের অধিকার ও বাধ্যবাধকতা সম্পর্কে সম্যক ধারণা দেওয়ার নিমিত্ত নিয়মিত মিথস্ক্রিয়া/ যোগাযোগ স্থাপন। | অনুষ্ঠিত সভা/ যোগাযোগ: কাস্টমস | সংখ্যা | ২.০০ | ৫২৪ | ২৭৪ | ৫৫০ | ৪৯৫ | ৪৪০ | ২৭৪ | ২০০ | ৫৬০ | ৫৭০ |
| | | [২.৩] সেবা কেন্দ্রের মাধ্যমে করদাতা সেবা বৃদ্ধিকরণ | সেবা গ্রহণকারীর সংখ্যা: কাস্টমস | সংখ্যা (লক্ষ) | ২.০০ | ২২.৬০ | ১৩.৩৫ | ২৪ | ২১.৬ | ১৯.২ | ১৩.৩৫ | ১৪.৪ | ২৫ | ২৬ |
| | | [২.৪] ই-পেমেন্ট পদ্ধতি | রাজস্ব আদায়ঃ কাস্টমস ডিউটি | কোটি টাকা | ১.০০ | ১১২ | ৬৬.৪৯ | ১৪০ | ১২৬ | ১১২ | ৬৬.৪৯ | ৬০.০০ | ১৪৫ | ১৫০ |
| | | [২.৫] এ্যাসাইকুডা ওয়ার্ল্ড পদ্ধতির সম্প্রসারণ | এস্যাইকুডা ওয়ার্ল্ডের অধীনে ল্যান্ড কাস্টমস স্টেশন/ অফডক | সংখ্যা | ১.০০ | ৫ | ০ | ৭ | ৬ | ৫ | ৫ | ৩ | ৮ | ৯ |
| | | [2.৬] কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান; | প্রশিক্ষণ প্রদান: কাস্টমস | সংখ্যা | ২.০০ | ২৪৯৪ | ১২৭৩ | ২৫৫০ | ২২৯৫ | ২০৪০ | ১২৭৩ | ১২০০ | ২৬০০ | ২৬৫০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা/ নির্ণায়ক ২০১৮-২০১৯ | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০২০ | প্রক্ষেপণ ২০২০-২০২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয় /বিভাগের কৌশলগত উদ্দেশ্যেসমূহ | | | | | | | | | | | | | | |
| | | [2.৭] কর্মকর্তা-কর্মচারীদের পুরস্কার প্রদানের মাধ্যমে কাজে উদ্বুদ্ধকরণ; | পুরস্কার প্রদান: কাস্টমস | সংখ্যা | ২.০০ | ০ | ৯১ | ১১০ | ১০০ | ৯৫ | ৯১ | ৮০ | ১০০ | ১১০ |
| ৩. আইন বিধিবিধান হালনাগাদকরণ | ৪ | [৩.১] নতুন কাস্টমস আইন প্রণয়ন | [৩.১.১ [নতুন কাস্টমস আইন . প্রণয়ন | তারিখ | ২.০০ | ---- | --- | ০১-০৬-২০১৯ | ১৫-০৬-২০১৯ | ২০-০৬-২০১৯ | ২৫-০৬-২০১৯ | ৩০-০৬-২০১৯ | --- | --- |
| | | [৩.২] বিধিমালা প্রণয়ন | [৩.২.১] নতুন কাস্টমস আইনের আলোকে বিধিমালা প্রণয়ন ও হালনাগাদকরণ | তারিখ | ২.০০ | ---- | --- | ০১-০৬-২০১৯ | ১৫-০৬-২০১৯ | ২০-০৬-২০১৯ | ২৫-০৬-২০১৯ | ৩০-০৬-২০১৯ | --- | --- |

## দপ্তর/সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রার মান (২০১৮-১৯) | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০২০ | প্রক্ষেপণ ২০২০-২০২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারন | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যেসমূহ | | | | | | | | | | | | | | |
| (১) কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন | ১০ | [১.২] মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক অন-লাইন সেবা চালু করা। | [১.২.১] ন্যূনতম একটি অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১.০০ | | | ১৫-১-২০১৯ | ১৭-২-২০১৯ | ৩১-০৩-২০১৯ | ৩০-০৪-২০১৯ | ৩০-৫-২০১৯ | | |
| | | [১.৩.১] মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র/ উন্নয়ন প্রকল্প (SIP) বাস্তবায়ন | [১.৩.১] ডাটাবেজ অনুযায়ী ন্যূনতম দুটি উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত | তারিখ | ১.০০ | | | ১১-০৩-২০১৯ | ১৮-০৩-২০১৯ | ২৫-০৩-২০১৯ | ০১-০৪-২০১৯ | ০৮-৪-২০১৯ | | |
| | | [১.৪] প্রতিটি শাখায় বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণয়ন ও বিনষ্ট করা | [১.৪.১] প্রণীত তালিকা অনুযায়ী বিনষ্টকৃত নথি | % | ১.০০ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | | |
| | | | [১.৪.২]বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণীত | তারিখ | ০.৫০ | | | ১০-০১-২০১৯ | ১৭-০১-২০১৯ | ২৪-০১-২০১৯ | ২৮-০১-২০১৯ | ৩১-০১-২০১৯ | | |
| | | [১.৫] সিটিজেনস চার্টার বাস্তবায়ন | [১.৫.১] সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-১২-২০১৮ | ১৫-০১-২০১৯ | ৭-২-২০১৯ | ১৭-২-২০১৯ | ২৮-২-২০১৯ | | |
| | | [১.৬] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [১.৬.১] নিষ্পত্তি সংক্রান্ত প্রতিবেদন প্রেরিত | সংখ্যা | ০.৫০ | | | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | |
| | | | [১.৬.২] নিষ্পত্তিকৃত অভিযোগ | % | ০.৫০ | | | ৯০ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | | |

# দপ্তর/সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রার মান (২০১৮-১৯) | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০২০ | প্রক্ষেপণ ২০২০-২০২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারন | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| ২. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৩ | [২.১] অডিট আপত্তি নিস্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [২.১.১] বছরে অডিট আপত্তি নিস্পত্তিকৃত | % | ১.০০ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |
| | | [২.২] স্থাবর/অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | [২.২.১] স্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা | তারিখ | ০.৫০ | | | ০১-০২-২০১৯ | ১৭-০২-২০১৯ | ২৮-০২-২০১৯ | ২৮-০৩-২০১৯ | ১৫-০৪-২০১৯ | | |
| | | | [২.২.২] অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা | তারিখ | ০.৫০ | | | ০৩-০২-২০১৯ | ১৭-০২-২০১৯ | ২৮-০২-২০১৯ | ২৮-০৩-২০১৯ | ১৫-০৪-২০১৯ | | |
| | | [২.৩] বাজেট বাস্তবায়নে উন্নয়ন | [২.৩.১] বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (Budget Implementation Plan)প্রণীত | সংখ্যা | ০.৫ | | | ০৩-০২-২০১৯ | ১৭-০২-২০১৯ | ২৮-০২-২০১৯ | ২৮-০৩-২০১৯ | ১৫-০৪-২০১৯ | | |
| | | | [২.৩.২] ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ০.৫ | | | ০৩-০২-২০১৯ | ১৭-০২-২০১৯ | ২৮-০২-২০১৯ | ২৮-০৩-২০১৯ | ১৫-০৪-২০১৯ | | |
| [৩] জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | [৩.১] জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো বাস্তবায়ন | [৩.১.১] নির্ধারিত সময়ে ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১.০০ | | | ৪ | ৩ | | | | | |
| | | | [৩.১.২] জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামোয় অন্তর্ভুক্ত লক্ষ্যমাত্রা বাস্তবায়িত | % | ১.০০০ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |

# দপ্তর/সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রার মান (২০১৮-১৯) | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০২০ | প্রক্ষেপণ ২০২০-২০২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারন | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যেসমূহ | | | | | | | | | | | | | | |
| | | [৩.২] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [৩.২.১] মন্ত্রণালয়/বিভাগের সকল তথ্য ও অনলাইন সেবা ৩৩৩ সহ তথ্য বাতায়নে সংযোজিত | % | ১.০০ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [৩.৩] মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | [৩.৩.১] বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ১৫-১০-২০১৮ | ২৯-১০-২০১৮ | ১৫-১১-২০১৮ | ২৯-১১-২০১৮ | ১৩-১২-২০১৮ | | |
| [৪]. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ | ৪ | [৪.১] ২০১৮-১৯ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | [৪.১.১] স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ওয়েবসাইটে আপলোডকৃত | তারিখ | ০.৫০ | | | ২৩-০৪-২০১৭ | ২৪-০৪-২০১৭ | ২৫-০৪-২০১৭ | ২৬-০৪-২০১৭ | ২৭-০৪-২০১৭ | | |
| | | ৪.২] ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [৪.২.১]মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ০৮-০৮-২০১৭ | ১০-০৮-২০১৭ | ১৩-০৮-২০১৭ | ১৬-০৮-২০১৭ | ১৭-০৮-২০১৭ | | |
| | | [৪.৩] ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচান্তে ফলাবর্তক (feedback) প্রদান | [৪.৩.১] ফলাবর্তক (feedback) প্রদত্ত | সংখ্যা | ০.৫০ | | | ৪ | ৩ | | | | | |
| | | [৪.৪] সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে | [৪.১.১] আয়োজিত প্রশিক্ষণের সময় | জনঘন্টা | ১.০০ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |

## দপ্তর/সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রার মান (২০১৮-১৯) | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০২০ | প্রক্ষেপণ ২০২০-২০২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারন | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| | | কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | | | | | | | | | | | | |
| | | [২.৫] আওতাধীন দপ্তর/সঙ্গে ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর | [২.৫.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ১.০০ | | | ১৫-০৬-২০১৮ | ১৮-০৬-২০১৮ | ১৯-০৬-২০১৮ | ২০-০৬-২০১৮ | ২১-০৬-২০১৮ | | |

আমি, সদস্য (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড হিসেবে সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয় এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ হিসেবে সদস্য (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ডের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সংশ্লিষ্ট কাস্টমস বিভাগকে সর্বাত্মক সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিতঃ

২৯-০৭.২০১৮

সদস্য (কাস্টমস নীতি)
জাতীয় রাজস্ব বোর্ড

তারিখ

২২/৫/২০১৮

সিনিয়র সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
অর্থ মন্ত্রণালয়

তারিখ

# শব্দ সংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নং | শব্দ সংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১. | ই-ফাইলিং | ইলেকট্রনিক ফাইলিং |
| ২. | ADR | Alternative Dispute Resolution |
| ৩. | e-Payment | electronic Payment |
| ৪. | ASYCUDA | Automated System for Custom Data |
| ৫. | ই-পেমেন্ট | ইলেকট্রনিক পেমেন্ট |
| ৬. | এ্যাসাইকুডা | অটোমেটেড সিস্টেম ফর কাস্টমস ডাটা |
| ৭. | এনএসডব্লিও | ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো |

## সংযোজনী-২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি এর বিবরণ:

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী সংস্থা/দপ্তর | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জন | আহরিত কাস্টমস-কর | ২০১৮-১৯ অর্থ বছরে বাজেটে নির্ধারিত রাজস্ব আদায়। এ লক্ষ্যে বাজেট বাস্তবায়ন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে এবং সে মোতাবেক কার্যক্রম চলছে। | জাতীয় রাজস্ব বোর্ড | কোটি টাকায় (মহা হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়ের সাথে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক প্রদর্শিত হিসাবের সমন্বয় সাধন) | অভ্যন্তরীণ সম্পদ বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [১.২] প্রদর্শিত রাজস্ব আদায়ের সাথে ট্রেজারী হিসাবের সমন্বয় সাধন | অর্ধ-বার্ষিক সমন্বয় সাধন | বাংলাদেশ ব্যাংকে জমাকৃত রাজস্বের সাথে হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয় ও সংশ্লিষ্ট অফিস কর্তৃক প্রদত্ত ট্রেজারী চালানের সাথে হিসাবের সমন্বয় সাধন করা। | জাতীয় রাজস্ব বোর্ড | অভ্যন্তরীণ সম্পদ বিভাগের বার্ষিক প্রতিবেদন | অভ্যন্তরীণ সম্পদ বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| | বার্ষিক সমন্বয় সাধন | জমাকৃত রাজস্ব সংশ্লিষ্ট অফিসসমূহ ও ট্রেজারীর হিসাবের সমন্বয় সাধন | ঐ | ঐ | ঐ |
| [১.৩] মাঠ অফিসসমূহ পরিদর্শন | দাখিলকৃত প্রতিবেদন | মাঠ পর্যায়ের অফিসসূহের মামলা নিস্পত্তির গুণগত মান পর্যালোচনা ও কর ফাঁকি রোধে যথাযথ নির্দেশ ও পরিপালন প্রতিবেদনে ত্রুটিসমূহ বিশ্লেষণপূর্বক আইনানুগ কার্যক্রম গ্রহণ জোরদারকরণ। | ঐ | ঐ | ঐ |
| [১.৪] অভিযোগ ও গোয়েন্দা তথ্যের ভিত্তিতে অনুসন্ধান কার্যক্রম | দায়েরকৃত মামলা | অভিযোগ ও গোয়েন্দা তথ্যের ভিত্তিতে আহরিত তথ্য পরীক্ষা-নিরীক্ষাপূর্বক আইনের প্রয়োগ করে ফাঁকি/গোপনকৃত আয় পুনরুদ্ধার করা। | ঐ | ঐ | ঐ |
| [১.৫] মামলা থেকে রাজস্ব আদায় | আদায়কৃত কাস্টমস-কর | রাজস্ব সম্ভাবনাময় বড় মামলাসমূহ দ্রুত নিস্পত্তি ও দাবীকৃত রাজস্ব দ্রুত আদায়ের জন্য তদারকী জোরদারকরণ। | ঐ | ঐ | ঐ |
| [১.৬] বিচারাধীন মামলা দ্রুত নিষ্পত্তিকরণ | মামলা নিস্পত্তি | করদাতাদের উদ্ভুত বিরোধসমূহ দ্রুত নিস্পত্তির নিমিত্তে আপিলের পরিবর্তে বিকল্প বিরোধ নিস্পত্তি ব্যবস্থা গ্রহণে করদাতাগণকে উদ্বুদ্ধকরণ। | ঐ | ঐ | ঐ |
| [১.৭] করদাতাগণকে বিকল্প বিরোধ নিস্পত্তি পদ্ধতি গ্রহণে উদ্বুদ্ধকরণ | বিরোধ নিস্পত্তি | করদাতাদের উদ্ভুত বিরোধসমূহ দ্রুত নিস্পত্তির নিমিত্তে আপিলের পরিবর্তে বিকল্প বিরোধ নিস্পত্তি ব্যবস্থা গ্রহণে করদাতাগণকে উদ্বুদ্ধকরণ। | ঐ | ঐ | ঐ |
| [১.৮] অবিতর্কিত বকেয়া কর আদায় ত্বরান্বিতকরণ। | আদায়কৃত বকেয়া | বকেয়া কর আদায়ের জন্য জরিমানা, ব্যাংক হিসাব জব্দ ও সার্টিফিকেট মামলাসহ আইনানুগ কার্যক্রম গ্রহণ ও তদারকি জোরদারকরণ। | ঐ | ঐ | ঐ |
| [১.৯] পোস্ট ক্লিয়ারেন্স অডিট (কাস্টমস) | অডিটকৃত মামলার সংখ্যা | শুল্কায়ন পরবর্তী নিরীক্ষার মাধ্যমে রাজস্ব আদায় | ঐ | ঐ | ঐ |
| [২.১] প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় বিজ্ঞাপন/অনুষ্ঠান প্রচার | বিজ্ঞাপন/অনুষ্ঠান প্রচার | প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার বিজ্ঞাপন ও অনুষ্ঠান প্রচারের মাধ্যমে করদাতাগণকে কর প্রদানে উদ্বুদ্ধকরণ। | ঐ | ঐ | ঐ |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী সংস্থা/দপ্তর | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| [২.২] করদাতাগণকে প্রচলিত আইনে তাদের অধিকার ও বাধ্যবাধকতা সম্পর্কে সম্যক ধারণা দেওয়ার নিমিত্ত নিয়মিত মিথস্ক্রিয়া/যোগাযোগ স্থাপন। | অনুষ্ঠিত সভা/যোগাযোগ | করদাতাগণকে প্রচলিত আইনে তাদের অধিকার ও বাধ্যবাধকতা সম্পর্কে সম্যক ধারণা দেওয়ার নিমিত্ত যোগাযোগ স্থাপন ও সভা-সমাবেশ অনুষ্ঠান। | ঐ | ঐ | ঐ |
| [২.৩] সেবা কেন্দ্রের মাধ্যমে করদাতা সেবা বৃদ্ধিকরণ | সেবা গ্রহণকারীর সংখ্যা | সেবা কেন্দ্রের মাধ্যমে করদাতা সেবা বৃদ্ধিকরণ ও কর প্রদান উৎসাহ প্রদান। | ঐ | ঐ | ঐ |
| [২.৪] ই-পেমেন্ট পদ্ধতি | রাজস্ব আদায় | করদাতাগণ সহজেই যেন ডেবিট কার্ড ও ক্রেডিট কার্ডের মাধ্যমে এ পদ্ধতির আওতায় কর পরিশোধ করতে পারেন। | ঐ | ঐ | ঐ |
| [২.৫] এ্যাসাইকুডা ওয়ার্ল্ড পদ্ধতির সম্প্রসারণ | এ্যাসাইকুডা ওয়ার্ল্ডের অধীনে ল্যান্ড কাস্টমস স্টেশন (মোট ২৯টি) | এ্যাসাইকুডা ওয়ার্ল্ড সফটওয়্যারের মাধ্যমে স্বয়ংক্রিয় পদ্ধতিতে শুল্কায়ন কার্যক্রম পরিচালনা এবং স্থল স্টেশনসমূহে এর কার্যক্রম চালুকরণ। | ঐ | ঐ | ঐ |
| [২.৬] কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | প্রশিক্ষণ প্রদান | কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি। | ঐ | ঐ | ঐ |
| [২.৭] কর্মকর্তা-কর্মচারীদের পুরস্কার প্রদানের মাধ্যমে কাজে উদ্বুদ্ধকরণ | পুরস্কার প্রদান | কর্মকর্তা-কর্মচারীদের পুরস্কার প্রদানের মাধ্যমে কাজে উৎসাহ প্রদান ও সেবার মানোন্নয়ন। | ঐ | ঐ | ঐ |

**সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাসিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ:**

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| মন্ত্রণালয় | আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | কাস্টমস আইন সংক্রান্ত বিধিমালা প্রণয়ন ও হালনাগাদকরণ | প্রয়োজনীয় আইনী সহায়তা প্রদান | প্রয়োজনীয় আইনী ভেটিং ব্যতিত আইন প্রণয়ন সম্ভব নয় | প্রত্যাশিত রাজস্ব আহরণ বাধাগ্রস্থ হবে। |
| মন্ত্রণালয় | আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | নতুন কাস্টমস আইন প্রণয়ন সম্পন্নকরণ | প্রয়োজনীয় আইনী সহায়তা প্রদান | প্রয়োজনীয় আইনী ভেটিং ব্যতিত আইন প্রণয়ন সম্ভব নয় | প্রত্যাশিত রাজস্ব আহরণ বাধাগ্রস্থ হবে। |